

‘ছাত্রলীগের লজ্জা!!! কী শুনলাম?’

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১০ অক্টোবর ২০১৯, ০৯:৫৯

আপডেট: ১০ অক্টোবর ২০১৯, ১০:০৫




কেন্দ্রীয় ছাত্রলীগের সংবাদ সম্মেলন নিয়ে ‘আবরার হত্যায় ছাত্রলীগের লজ্জা প্রকাশ’ শিরোনামে প্রকাশিত প্রতিবেদনে নানা প্রতিক্রিয়া এসেছে পাঠকের কাছ থেকে। মাহবুবুর রহমান নামে এক পাঠকের মন্তব্য, ‘ছাত্রলীগের লজ্জা!!! কী শুনলাম? লজ্জাও এখন লজ্জা পাবে।’ নাম প্রকাশে অনিচ্ছুক একজন বলেছেন, ‘এই রকম লজ্জা প্রকাশ

করাটাও অপরাধ।’ প্রথম আলো অনলাইনে এমন প্রতিক্রিয়া জানিয়েছেন অনেক পাঠক।

প্রতিবেদনটি বুয়েটের মেধাবী ছাত্র আবরার ফাহাদ হত্যার ঘটনায় ছাত্রলীগের লজ্জা প্রকাশ নিয়ে। প্রতিবেদনের নিচে মন্তব্য বিভাগে আশরাফ সিদ্দিকী নামের এক পাঠক মন্তব্য করেন, ‘লজ্জা তো মানুষের জন্য, ছাত্রলীগের জন্য নয়।’ নাম প্রকাশে অনিচ্ছুক অপর এক পাঠকের মন্তব্য, ‘এরা একই কাজ আবার করবে, তারপর আবার লজ্জা পাবে।’

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যানটিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রলীগ আবরার হত্যাকাণ্ডে জড়িত সবার সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার দাবি জানিয়েছে। ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আল নাহিয়ান খান বলেন, একটি কুচক্রী মহল আবরার হত্যার ঘটনায় ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করছে। দেশবিরোধী চুক্তির ধোয়া তুলে আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশকে হেয়প্রতিপন্ন করার চেষ্টা করছে। কিছু নামসর্বস্ব সংগঠন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অস্থিতিশীলতা সৃষ্টির চেষ্টা করছে। বাংলাদেশ ছাত্রলীগ এটা মেনে নিতে পারে না। ছাত্রলীগ এ ষড়যন্ত্র সর্বাত্মকভাবে মোকাবিলা করবে।



বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রলীগের সব নেতা-কর্মীকে সতর্ক থাকার আহ্বান জানান আল নাহিয়ান।

সংবাদ সম্মেলনে ছাত্রলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, কোনো ধরনের অপকর্ম, আপত্তিকর ঘটনার দায় সংগঠন নেবে না। কেউ উদ্দেশ্যপ্রণোদিতভাবে সংগঠনে অনুপ্রবেশ করে থাকলে তাঁরা যেন কেটে পড়েন।